# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি শের-ই-বাংলা নগর, আগারগাঁও
ঢাকা-১২০৭
www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০৭.৩৩.২৬.০৯.৭০

তারিখ: ০১ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ
১৪ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি.

## ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের শিক্ষার্থীদের পুনঃভর্তি বিজ্ঞপ্তিঃ

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকল সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ৩য়, ৪র্থ,৬ষ্ঠ ও ৮ম পর্বের অধ্যায়নরত শিক্ষার্থীর মধ্য হতে পুনঃভর্তির প্রয়োজন এমন শিক্ষার্থীদের আবেদন ও প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণপূর্বক সংশ্লিষ্ট প্রবিধানের পুনঃভর্তির সাধারন নীতিমালার আলোকে যাচাই-বাছাই করে নিম্নোক্ত ছক অনুযায়ী স্ব স্ব প্রতিষ্ঠানে Login করে বোর্ডের ওয়েবসাইটে “অনলাইনে তথ্য প্রেরন/গ্রহন” ব্লকে “ডিপ্লোমা-ইন-টেক্সটাইল পর্যায়” প্রবেশ করে “Diploma-in-Textile Re-Admission Data Entry link” অথবা সরাসরি এই http://103.197.207.70:8666/dip_readmission/index.php লিংক এ ক্লিক করে পুনঃভর্তিকৃত শিক্ষার্থীর তথ্য প্রেরণ করতে হবে। সংশ্লিষ্ট সকলকে পুনঃভর্তির কার্যক্রম সংক্রান্ত তথ্য ছক অনুসারে পূরণ করার জন্য অনুরোধ জানানো হলো।

### পুনঃভর্তি কার্যক্রম সংক্রান্ত তথ্য ছক (১)

| পুনঃভর্তিচ্ছুক শিক্ষার্থীদের স্ব স্ব প্রতিষ্ঠানে আবেদনের তারিখ | প্রতিষ্ঠান কর্তৃক বোর্ডে অনলাইনে তথ্য প্রেরণের তারিখ | পুনঃভর্তি ফি বাবদ সমুদয় টাকার ব্যাংক ড্রাফটসহ প্রয়োজনীয় কাগজপত্র বোর্ডে জমাদানের তারিখ |
|---|---|---|
| ১৩ সেপ্টেম্বর, ২০২৬খ্রি. হতে ২৭ সেপ্টেম্বর, ২০২৬খ্রি. | ১৪ সেপ্টেম্বর, ২০২৬খ্রি. হতে ২৯ অক্টোবর, ২০২৬খ্রি. | ০১ নভেম্বর, ২০২৬খ্রি. হতে ১২ নভেম্বর, ২০২৬খ্রি. |

### পুনঃভর্তি কার্যক্রম সংক্রান্ত তথ্য ছক (২)

**প্রতিষ্ঠান নাম :** **প্রতিষ্ঠান কোড :**

**প্রতিষ্ঠানের ই-মেইল ঠিকানা :** **প্রতিষ্ঠানের মোবাইল নম্বর :**

| ক্রম নং | শিক্ষার্থীর নাম | টেকনোলজী | রোল নং | রেজিস্ট্রেশন নং | শিফট | পর্ব | সেশন | ভর্তিকৃত প্রবিধান (যার জন্য যেটি প্রযোজ্য) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

### পুনঃভর্তির সাধারণ নিয়মাবলীঃ

১। শিক্ষার্থীর পুনঃভর্তির ক্ষেত্রে রেজিষ্টেশন কার্ড এবং সর্বশেষ পর্বের প্রবেশপত্র, নম্বরপত্র সত্যায়িত ফটোকপি ও ফলাফলের সত্যায়িত পিডিএফ কপি (প্রতিষ্ঠান কর্তৃক সত্যায়িত) সংযুক্ত করতে হবে;

২। ৩য়, ৪র্থ,৬ষ্ঠ এবং ৮ম পর্বে পুনঃভর্তিকৃত শিক্ষার্থীদের প্রবিধান ২০১০ এবং প্রবিধান ২০২২ (যার জন্য যেটি প্রযোজ্য) অনুসরণ করতে হবে।

৩। প্রতিষ্ঠানে পুনঃভর্তির আবেদন প্রাপ্তির পর আবেদন সংশ্লিষ্ট প্রবিধানের আলোকে যাচাই বাছাই করে পুনঃভর্তিচ্ছুক শিক্ষার্থীদের পুনঃভর্তি ফি বাবদ শিক্ষার্থী প্রতি ২০০/-(দুইশত) টাকা হারে মোট টাকা সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-এর অনুকুলে ব্যাংক ড্রাফট/ডিডি/পে-অর্ডার (**শুধুমাত্র সোনালী ব্যাংক পিএলসির মাধ্যমে**) করতে হবে।

৪। নির্ধারিত সময়ের মধ্যে বর্ণিত পদ্ধতিতে Online এ প্রেরণ এবং Online-এ প্রেরতি তথ্যের প্রিন্ট কপিসহ বোর্ড নির্ধারিত ফি (ব্যাংক ড্রাফট) জমা দিতে হবে।

৫। Online- এ প্রেরিত হলেও শিক্ষার্থীর পুনঃভর্তির প্রয়োজন না হলে তা বাতিল বলে গণ্য হবে।

**বি: দ্র:** পুনঃভর্তিকৃত শিক্ষার্থীদের নির্ধারিত ছক আকারে তথ্যাদি পূরণসহ আবেদনের সাথে রেজিস্ট্রেশন কার্ড এবং সর্বশেষ পর্বের প্রবেশপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি ও ফলাফলের সত্যায়িত কপি (প্রতষ্ঠান কর্তৃক সত্যায়িত) সাময়িকভাবে অধ্যায়নের অনুমতি প্রদানের প্রমাণক (প্রযোজ্য ক্ষেত্রে) সংযুক্তসহ সমুদয় টাকার ব্যাংক ড্রাফটসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র আগামী ০১ নভেম্বর, ২০২৬খ্রি. হতে ১২ নভেম্বর তারিখের মধ্যে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে জমা প্রদান করতে হবে। উল্লেখ্য, মোট পুনঃভর্তিকৃত শিক্ষার্থীর সমুদয় টাকার একটি মাত্র ব্যাংক ড্রাফট হবে।


**স্বাক্ষরিত**
**(প্রকৌশলী অনিমেশ পাল)**
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন নং-০২-৫৫০০৬৫২৩ (অফিস)

স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০৭.৩৩.২৬.০৯.৭০

তারিখ: ০১ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ
১৪ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি.

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে পেরণ করা হল (জেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচলক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। মহাপিরচালক, বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন (৬ষ্ঠ তলা), কাওরানবাজার, ঢাকা।
৩। সচিব/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/পরিচালক(আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (অফিস আদেশটি জরুরী ভিত্তিতে ওয়েব সাইটে প্রকাশ এবং অনলাইনে তথ্য গ্রহণের জন্য অনুরোধ করা হলো )।
৫। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬। উপ-সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। অধ্যক্ষ/পরিচালক (সংশ্লিষ্ট সকল) ......................।
৮। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯। নথি।



**(প্রকৌশলী মোসা. ছালমা আক্তার)**
কারিকুলাম বিশেষজ্ঞ (টেক্সটাইল)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।